

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ২৪১.২০১৮- ৩২৬৪

তারিখঃ ২/আষাঢ় ১৪২৫
৩০ জুলাই ২০১৮

বিষয়ঃ রীট পিটিশন নং- ৭৮৭১/২০১৮ [পিটিশনার জনাব এম গফুর উদ্দিন চৌধুরী, পিতা- সুলতান আহমেদ, গ্রাম-হাকিমপাড়া, উপজেলা- উখিয়া, জেলা- কক্সবাজার - বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ৩১.৫.২০১৮ তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন ৫নং পালংখালী ইউনিয়নের চেয়ারম্যান জনাব গফুর উদ্দিন চৌধুরী এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর ৮.৫.২০১৮ তারিখের ১৭৯নং স্মারক চ্যালেঞ্জ করে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ প্রতিপক্ষকে কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত স্মারকের কার্যকারিতা আদেশের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
কক্সবাজার।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (ইপ), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।